

Class – 3

Subject – 2nd Language Bengali

Chapter – গল্প – ফেলুদার লখনৌ যাত্রা

Answer Sheet

1. সংক্ষিপ্ত উত্তর দাও:-

I) ফেলুদার লখনৌ যাত্রা গল্পটির লেখকের নাম কী?

Ans: - ফেলুদার লখনৌ যাত্রা গল্পটির লেখকের নাম সত্যজিৎ রায়।

II) ফেলুদার লখনৌ যাত্রা গল্পটি লেখকের লেখা কোন গল্পের অংশ?

Ans: - ফেলুদার লখনৌ যাত্রা গল্পটি লেখকের লেখা বাদশাহ আংটি গল্পের অংশ।

III) ফেলুদা স্বভাবে কী?

Ans: - ফেলুদা স্বভাবে একজন শখের গোয়েন্দা।

IV) ফেলুদা বক্তার কে হন?

Ans: - ফেলুদা বক্তার মাসতুতো দাদা হন।

V) লখনৌ যেতে কে চেয়েছিলেন?

Ans: - লখনৌ যেতে বক্তার বাবা চেয়েছিলেন।

2. সঠিক উত্তরের পাশে টিক ✓ চিহ্ন দাও:-

- I) লছমনবুলাতে (পাহাড় / সমুদ্র / নদী) আছে।
- II) ফেলুদা কলকাতা ছেড়ে যেখানে যাকনা কেন ওকে ঘিরে (দুঃখজনক / রহস্যজনক / দুর্ভাগ্যজনক) ঘটনা ঘটে।
- III) ফেলুদা চাকরি পেয়েছে (দুবছর / একবছর / তিনবছর) আগে।
- IV) ফেলুদার (দশ / সাত / পনেরো) দিনের ছুটি নিতে অসুবিধা হল না।
- V) ধীরু কাকার (বাগানের / গানের / গোয়েন্দাগিরির) শখ।

3. গল্প থেকে সঠিক শব্দ বেছে নিয়ে ফাঁকা জায়গা পূরণ কর:-

- I) আমার বিশ্বাস ছিল লখনৌটা বেশ বাজে জায়গা।
- II) ফেলুদা বলে, ও কলকাতা ছেড়ে যেখানে যাকনা কেন ওকে ঘিরে নাকি রহস্যজনক ঘটনা সব গজিয়ে ওঠে।
- III) বড় ইমামবাড়ার ভুলভুলাইয়া যাব, ভেতরে যদি ঢুকিস ত তোর চোখ আর মন এক সঙ্গে ধাঁধিয়ে যাবে।
- IV) সেপাই বিদ্রোহের সময় গোরা সৈনিকদের ঘাঁটি ছিল ওটা।
- V) ওকে কেউ কেউ বলে আধ পাগলা, কেউ কেউ খামখেয়ালী আর কেউ বলে কুঁড়ে ।

4. নীচের শব্দগুলির অর্থ লেখো:-

শব্দ	অর্থ
I) অবশ্যি	অবশ্যই
II) রহস্য	গুপ্ত তথ্য
III) গজিয়ে ওঠে	সৃষ্টি হয়
IV) ধাঁধিয়ে যাবে	অবাক হয়ে যাবে
V) গোরা	ইংরেজ
VI) সেপাই বিদ্রোহ	সিপাহী বিদ্রোহ
VII) ঘাঁটি	যুদ্ধরত সৈনিকদের অবস্থিতি স্থান
VIII) কিস্যু	কিছু
IX) গোলা	গোলাগুলি / কামানের গোলা
X) ডিটেকটিভ	গোয়েন্দা

5. নীচের শব্দগুলির বিপরীত শব্দ লেখো:-

শব্দ	বিপরীত শব্দ
I) গুরু	শিষ্য
II) জন্ম	মৃত্যু
III) দোষ	গুণ
IV) ঘৃণা	ভালোবাসা
V) ন্যায়	অন্যায়
VI) স্বাধীন	পরাধীন
VII) প্রবেশ	প্রস্থান
VIII) কোমল	কঠিন
IX) মিহি	মোটা
X) যোগ	বিয়োগ
